এমসিএইচ-সার্ভিসেস ইউনিট

লক্ষ্য সমূহ ঃ

- বাড়ি ও সেবা কেন্দ্রে নিরাপদ প্রসবসেবা নিশ্চিত করা।।
- কিশোর-কিশোরীদের সেবা প্রদান।
- কমিউনিটিতে অবস্থিত জনসাধারণকে পুষ্টি স্বাস্থ্য সংক্রান্ত সেবা প্রদান।
- প্রজনন স্বাস্থ্য সেবা যেমন ঃ এমআর, গর্ভপাত পরবর্তী সেবা, প্রথমিক অবস্থায় জরায়ুর মুখে ক্যান্সার নির্ণয়ের জন্য ভায়া এবং স্তন ক্যান্সার নির্ণয়ের জন্য সিবিই সেবা প্রদান।
- মানসম্মত সেবা নিশ্চিত করার জন্য সেবা প্রদানকারীদের প্রশিক্ষণ প্রদান।
- সেবা কেন্দ্র এবং কমিউনিটিতে এমএসআর ও প্রয়োজনীয় উপকরণ সমূহ সরবরাহ নিশ্চিত করা।
- বাড়িতে ডেলিভারীর ক্ষেত্রে প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তক্ষরণ প্রতিরোধের জন্য ট্যাবলেট মিজোপ্রোষ্টল বিতরণ ।
- মানসম্মত সেবা নিশ্চিত করার জন্য মনিটরিং ও সুপারভিশন কার্যক্রম।

সেবা কেন্দ্র সমূহ ঃ

জাতীয় পর্যায়	১। মেটারনাল এণ্ড চাইল্ড হেলথ ট্রেইনিং ইনস্টিটিউট (এমসিএইচটিআই), আজিমপুর,ঢাকা। ২। মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এণ্ড ট্রেইনিং সেন্টার (এমএফএসটিসি), মোহাম্মদপুর, ঢাকা।	১ টি ১ টি
জেলা পর্যায়	মা ও শিশু কল্যাণ কেন্দ্র (এমসিডব্লিউসি)	৬০ টি
উপজেলা পর্যায়	১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অবস্থিত এমসিএইচ-এফপি ইউনিট ২। মা ও শিশু কল্যাণ কেন্দ্র (এমসিডব্লিউসি)	৪২৭ টি ১২ টি
ইউনিয়ন পর্যায়	১। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (ইউএইচ এণ্ড এফডব্লিউসি) ২। মা ও শিশু কল্যাণ কেন্দ্র (এমসিডব্লিউসি)	৩৯২৪ টি ২৪ টি
কমিউনিটি পর্যায়	১। স্যাটেলাইট ক্লিনিক (প্রতি মাসে সংগঠিত) ২। কমিউনিটি ক্লিনিক	৩০,০০০ টি ১২,৫৭৭ টি

এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের প্রধান কার্যক্রম সমূহ ঃ

বিভাজন -১ ঃ সেবাসমূহ

ক) মাতৃ স্বাস্থ্য সেবা ঃ

- সকল গর্ভবতী মায়ের রেজিষ্ট্রেশন।
- প্রসব পরিকল্পনা ও গর্ভকালীন সেবা।
- প্রশিক্ষণ প্রাপ্ত কর্মীদ্বারা বাড়ি ও সেবা কেন্দ্রে (মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র) নিরাপদ প্রসব সেবা প্রদানসহ প্রসব পরবর্তী ৩য় ধাপের সক্রিয় ব্যবস্থাপনা।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে আগত গর্ভবতী মায়েদের রক্তের হিমোগ্লোবিন এবং প্রশ্রাবে এলবুমিন ও সুগার পরীক্ষা।
- মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং নির্বাচিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ জরুরী প্রসূতিসেবা নিশ্চিত করা।

- বাড়িতে প্রসবের পর অতিরিক্ত রক্ষক্ষরণ প্রতিরোধের জন্য পরিবার কল্যাণ সহকারী কর্তৃক ট্যাবলেট মিজোপ্রোষ্টল বিতরণ ।
- একলামশিয়া প্রতিরোধের জন্য ম্যাগনিশিয়াম সালফেট ব্যবহার।
- প্রসব পরবর্তী সেবা ঃ

খ) প্রজনন স্বাস্থ্য সেবাঃ

- অনিরাপদ গর্ভপাত কমানোর লক্ষ্যে নিরাপদ এমআর ও গর্ভপাত পরবর্তী সেবা।
- ঔষধদ্বারা এমআর এর জন্য ট্যাবলেট মিফিপ্রিষ্টন ও ট্যাবলেট মিজোপ্রোষ্টল প্রচলন।
- আরটিআই/এসটিআই রোগ নির্ণয় এবং লক্ষণ ভিত্তিক চিকিৎসা।
- অনাকাঙ্খিত গর্ভ প্রতিরোধের জন্য ইমারর্জেন্সি কন্ট্রাসেপটিভ পিল (ইসিপি)।
- প্রাথমিক অবস্থায় জরায়ুর মুখের ক্যান্সার নির্ণয়ের জন্য ভায়া এবং স্তন ক্যান্সার নির্ণয়ের জন্য সিবিই কার্যক্রম।
- প্রজনন সেবা এবং বন্ধাতের চিকিৎসা সেবা।

গ) বয়োসন্ধিকালীন স্বাস্থ্য সেবা ঃ

- কিশোর-কিশোরী স্বাস্থ্য কৌশল এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
- দেরীতে বিয়ের জন্য প্রচার কার্যক্রম।
- স্বল্প পরিসরে গাইনী রোগজনিত চিকিৎসা ব্যবস্থাপনা।
- মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও নির্বাচিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে "কিশোর-কিশোরী বান্ধব স্বাস্থ্য সেবা কেন্দ্র" প্রতিষ্টা ও "জীবন দক্ষতা ভিত্তিক শিক্ষা কার্যক্রম।

ঘ) নবজাতক ও শিশু স্বাস্থ্য সেবা ঃ

- গ্রোথ মনিটরিং
- কৃমি প্রতিরোধের জন্য কৃমি নাশক ট্যাবলেট প্রাদান ।
- ইপিআই কর্মসূচীর মাধ্যমে রুটিন টিকা প্রদান ও ভিটামিন-এ ক্যাপসুল প্রাদান।
- নবজাতকের সেবা যেমন ঃ মা ও নবজাতকের পরিস্কার পরিচ্ছন্নতা, পুষ্টি ও বিপদ চিহ্ন সম্পর্কে মায়েদের স্বাস্থ্য শিক্ষা প্রদান।
- নাভির যত্ন ঃ (জন্মের পর নাভিতে ৭.১% ক্লোরোহেক্সিডিন একবার লাগানো এবং পরবর্তীতে নাভি শুকনো রাখা)।
- শ্বাসকষ্ট জনিত সমস্যা প্রতিরোধের জন্য "হেলপিং বেবিস ব্রিদ "এর "ব্যাগ ও মাস্ক এর ব্যবহার।
- রুটিন চক্ষু পরিচর্যা ঃ
- কম ওজনের শিশু ও সময়ের পূর্বে প্রসব প্রতিরোধের জন্য প্রসবের পূর্বে মাকে করটিকোষ্টিরয়েড প্রদান।
- নির্বাচিত মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কম ওজনের নবজাতককে "ক্যাঙ্গার মাদার কেয়ার" সেবা প্রদান।
- ইউনিয়ন পর্যায় পর্যন্ত, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেপসিস ব্যবস্থাপনার জন্য এন্টিবায়োটিক ব্যবহার।

ঙ) পুষ্টি সেবাঃ

- এক্সক্লুসিভ ব্রেষ্ট ফিডিং।
- কমপ্লিমেন্টারি ফিডিং।
- গ্রোথ মনিটরিং ।
- ভিটামিন-এ সাপ্লিমেন্টেশন।

- আয়রণ সাপ্লিমেন্টেশন (মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার)।
- জিংক সাপ্লিমেন্টেশন।
- কৃমি নাশক ঔষধ।
- গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েদের আয়রণ ও ফলিক এসিড সাপ্লিমেন্টেশন।
- জন্মের পরপরই নবজাতককে বুকের দুধ প্রদান।
- প্রসব পরবর্তী ভিটামিন-এ ।
- গর্ভবতী মায়েরদের ওজন মনিটরিং।

বিভাজন - ২ ঃ প্রশিক্ষণ -

- চিকিৎসক ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের জরুরী প্রসূতিসেবা (ইওসি) সংক্রান্ত প্রশিক্ষণ।
- পরিবার কল্যাণ পরিদর্শিকাদের ৬ মাস ব্যাপী মিডওইফারী স্কিল প্রশিক্ষণ।
- কমিউনিটিতে সার্বক্ষণিক নিরাপদ প্রসবসেবা নিশ্চিত করার জন্য পরিবার কল্যাণ সহকারীদের সিএসবিএ প্রশিক্ষণ।
- প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত প্রশিক্ষণ ঃ যেমন- এমআর, গর্ভপাত পরবর্তী সেবা, ভায়া ও সিবিই প্রশিক্ষণ।
- সেবাপ্রদানকারী, কিশোর-কিশোরী এবং ষ্টেকহোল্ডারদের বয়সন্ধিকালীন স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ।
- মা ও শিশু স্বাস্থ্য বিষয়ে উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের প্রশিক্ষণ।
- চিকিৎসক ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ।
- চিকিৎসক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও অন্যান্য সেবাপ্রদানকারীদের নবজাতকের নতুন স্বাস্থ্য সেবা সংক্রান্ত প্রশিক্ষণ।
- আইওয়াইসিএফ এবং এমএনপি সাপ্লিমেন্টেশন সংক্রান্ত প্রশিক্ষণ।

বিভাজন- ৩ ঃ মা, শিশু, প্রজনন ও বয়সন্ধিকালীন স্বাস্থ্য সেবা প্রদানের জন্য বিভিন্ন ক্রয়সমূহ -

- ডিডিএস কিট (২৮ ধরনের ঔষধ), আরটিআই/এসটিডি প্রতিরোধের জন্য ঔষধ, নরমাল ডেলিভারী সেবার জন্য ঔষধ।
- ট্যাবলেট মিজোপ্রোষ্টল।
- মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার (এমএনপি)
- এমএসআর যেমন ঃ এমআর কিট, এমভিএ কিট, বিপি মেশিন, স্টেথোসস্কোপ।
- হাসপাতালে যন্ত্রপাতি যেমন ঃ আয়রণ কট, বেড-সাইড লকার, সেলাইন ষ্টেন্ড ইত্যাদি।
- বিভিন্ন ধরনের ফরমস্, রেজিষ্ট্রার এবং আইইসি উপকরণসমূহ প্রিন্টিং ও পাবলিকেশন।

বিভাজন- ৪ ঃ সেবা কেন্দ্রসমূহের মেরামত ও সংস্কার কার্যক্রম (পিএফডি-ওপি এর মাধ্যমে) -

- জেলা পযায় ২টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ (গাজীপুর ও শরিয়তপুর) এবং ইউনিয়ন পর্যায় ২০০ টি নতুন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ।
- নরমাল ডেলিভারী সেবা কর্যক্রমের জন্য ৮০০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র মানউন্নীতকরণ।
- মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ মেরামত/সংস্কার।